ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -০৬/১০/২০১৭ ।।

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান

আগরতলা, ০৬ অক্টোবর ।। সমাজের আর্ত মানুষের সাহায্যার্থে এবার দুর্গোৎসবের সময় জি বি বাজারস্থিত মহিলাদের দ্বারা পরিচালিত সৌহার্দ্য সামাজিক সংস্থার পক্ষ থেকে অনুশ্রী দেবনাথ মুখ্যমন্ত্রীর বাসভবনে গিয়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দশ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রী মানিক সরকারের হাতে তুলে দেন । এছাড়াও দুর্গোৎসবের সময় মহারাজগঞ্জ বাজার সব্জি ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে সমিতির সভাপতি সন্তোষ কুমার সাহা মুখ্যমন্ত্রীর বাসভবনে গিয়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে পনেরো হাজার টাকার চেক মুখ্যমন্ত্রী মানিক সরকারের হাতে তুলে দেন । সমাজের আর্ত মানুষের সাহায্যার্থে এই মূল্যবান দানের মাধ্যমে নিজেদের যুক্ত করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের ধন্যবাদ জানানো হয়েছে ।

ডাকঘর ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে ১১০কোটি ৭৩ লক্ষ টাকা সংগৃহীত

আগরতলা,০৬ অক্টোবর ।। পশ্চিম জেলায় ডাকঘর ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে চলতি অর্থবর্ষে মোট ২০৭ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে । এর মধ্যে গত আগষ্ট মাস পর্যন্ত এই জেলায় সংগৃহীত হয় ১১০ কোটি ৭৩ লক্ষ টাকা । জেলার সদর মহকুমায় ১০২ কোটি ৮৬ লক্ষ টাকা, জিরানীয়া মহকুমায় ৪ কোটি ৬১ লক্ষ টাকা এবং মোহনপুর মহকুমায় ৩ কোটি ২৬ লক্ষ টাকা সংগৃহীত হয় । গত বছরের আগষ্ট মাসে মোট সংগৃহীত হয়েছিল ৮০ কোটি ২৪ লক্ষ টাকা । জেলায় বর্তমানে ১৫৭৭ জন এজেন্ট নিয়োজিত রয়েছেন । পশ্চিম জেলার স্বল্প সঞ্চয় উন্নয়ন আধিকারিক পার্থ চৌধুরী আজ এই সংবাদ জানিয়েছেন ।

দীপাবলি উৎসব ঃ উদয়পুরে প্রস্তুতি

উদয়পুর, ৬ অক্টোবর ।। উদয়পুরের মাতাবাড়ীতে আগামী ১৯ ও ২০ অক্টোবর রাজ্যের ঐতিহ্যবাহী দীপাবলি উৎসব ও মেলা অনুষ্ঠিত হবে। এই উৎসব ও মেলাকে সফল করে তোলার লক্ষ্যে সম্প্রতি মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। বিধায়ক মাধব সাহার সভাপতিত্বে আয়োজিত এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা ও সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস, মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নূর হোসেন, তেপানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিজন চক্রবর্তী, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক অনিমেষ দাস,জেলার অতিরিক্ত পুলিশ সুপার নবদ্বীপ জমাতিয়া, মহকুমা শাসক শুভাশিস বন্দ্যোপাধ্যায় সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় আসন্ন দীপাবলি উৎসব ও মেলাকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে ১৪২ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি গঠন করা হয়। এই কমিটির চেয়ারম্যান হয়েছেন বিধায়ক মাধব সাহা এবং সদস্য সচিব পদে রয়েছেন মহকুমা শাসক শুভাশিস বন্দ্যোপাধ্যায়। এছাড়া, ১০ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি, ৩৪ সদস্য বিশিষ্ট একটি পরিচালন কমিটি এবং ৯টি উপ-কমিটি গঠন করা হয়েছে।সভায় দীপাবলি উৎসব ও মেলাকে কেন্দ্র করে পূণ্যার্থীদের যাতে কোন ধরণের অসুবিধা না হয় সেই দিকে লক্ষ্য রাখা, পূজার দিনগুলিতে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখা ,আলোকসজ্জা, মন্দিরকে সুন্দর করে সাজিয়ে তোলা, মাতাবাড়ীর সঙ্গে যুক্ত রাস্তাগুলির সংস্কার করা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নিয়ে বিধায়ক মাধব সাহা বলেন,দীপাবলি উৎসব রাজ্যের সর্ববৃহৎ উৎসব।এই উৎসবে রাজ্যের ও বহিঃরাজ্যের বহু পূণ্যার্থীর সমাগম ঘটে। তিনি এই উৎসবকে সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া, গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা দীপাবলি উৎসবকে সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

মধুপুর স্বাস্থ্যকেন্দ্রে চক্ষু চিকিৎসা শিবির ২০শে

আগরতলা, ৬ অক্টোবর ।। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ২০ অক্টোবর মধুপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে। শিবির শুরু হবে সকাল ১১ টায়। শিবিরে চক্ষু রোগীদের চোখ পরীক্ষা করে ঔষধ দেওয়া হবে এবং প্রয়োজনবোধে মাইক্রোসার্জারী পদ্ধতিতে চোখের ছানি আপারেশন করা হবে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এই শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা : বিলোনীয়ায় সভা অনুষ্ঠিত

বিলোনীয়া, ০৬ অক্টোবর ।। বিলোনীয়া সার্কিট হাউসে দক্ষিণ ত্রিপুরা জেলা ডিজাস্টার অথরিটি এবং জেলা ডিজাস্টার কমিটির এক যৌথ সভা সম্প্রতি বিলোনীয়া সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সি. কে. জমাতিয়ার সভাপতিত্বে আয়োজিত এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, জেলা পুলিশ সুপার, সাব্রুম, শান্তিরবাজার ও বিলোনীয়া মহকুমার মহকুমা শাসকগণ, বিভিন্ন ব্লকের বি. ডি. ও গণ সহ অন্যান্য সদস্যগণ।

সভায় জেলাশাসক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সম্পর্কে গুরুত্বারোপ করে বলেন, ভূমিকম্প, ভূমিধ্বস, বন্যা, ঝড়, অগ্নিকান্ড, বজ্রপাত ইত্যাদি বিভিন্ন বিষয়ে গত ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থ বছরে ত্রাণ কাজে মোট ১ কোটি ৫৫ লক্ষ ৪৭ হাজার টাকা ব্যয় করা হয়। এর মধ্যে চলতি বছরে ব্যয় হয় ৪০ লক্ষ ৪৯ হাজার ২৭৪ টাকা। এছাড়াও ফসলের ক্ষতি জনিত কারণে কৃষকদের মধ্যে সহায়তা প্রদানে ৩৫ লক্ষ ৫ হাজার ৪৭৩ টাকা ব্যয় হয়েছে। এতে জেলার ৫৮৮৫ জন কৃষক উপকৃত হয়েছেন। তিনি আরও জানান, এখন পর্যন্ত জেলার ৪৪৩ টি বিদ্যালয়ে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার বিষয়ে কর্মশালা সংগঠিত করা হয়েছে।

ছামনুতে প্রাণী চিকিৎসা শিবির অনুষ্ঠিত

ছৈলেংটা, ০৬ অক্টোবর ।। লংতরাইভ্যালী মহকুমার ছামনু ব্লক এলাকায় চলতি অর্থ বছরের এখন পর্যন্ত ছামনু প্রাণী চিকিৎসা কেন্দ্রের মাধ্যমে ৩২৯০ টি গৃহপালিত প্রাণী এবং ৪৪০৯ টি পাখীর বিভিন্ন ধরনের ঔষধ দেওয়া হয়। তাছাড়া, ২৪৯০ টি গৃহপালিত পশুকে কৃমি নাশক ঔষধ এবং ২৫১৯ টি পশুকে মিনারেল মিকচার খাওয়ানো হয়। ৩৩,১৬০ টি গৃহপালিত পশু ও হাঁস-মুরগির প্রয়োজনীয় ঔষধ প্রাণীপালকদের দেওয়া হয়। ছামনু ব্লকের প্রাণী চিকিৎসা কেন্দ্র থেকে এতথ্য জানানো হয়।

ছৈলেংটায় ৩৫১ জনকে স্বাস্থ্য পরিষেবা প্রদান

ছৈলেংটা, ০৬ অক্টোবর ।। লংতরাইভ্যালী মহকুমার প্রত্যন্ত এলাকাগুলিতে মৌলিক স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ছৈলেংটা মহকুমা হাসপাতালের উদ্যোগে সম্প্রতি ১৩ টি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই স্বাস্থ্য শিবিরগুলিতে ম্যালেরিয়া, ডায়ারিয়া ইত্যাদি রোগের চিকিৎসা করে ৩৫১ জনকে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। ছৈলেংটা মহকুমা হাসপাতালের মহকুমা স্বাস্থ্য আধিকারিক এ তথ্য জানিয়েছেন।

শচীন দেববর্মণের ১১২তম জন্মজয়ন্তী উদ্যাপন

আগরতলা, ০১ অক্টোবর ।। এক সুন্দর প্রভাতী অনুষ্ঠানের মাধ্যমে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে সঙ্গীত শিল্পী কুমার শচীন দেববর্মণের ১১২তম জন্মজয়ন্তী পালন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এই অনুষ্ঠানের আয়োজন করে।অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা সর্বপ্রথমে কুমার শচীন দেববর্মণের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, কুমার শচীন দেববর্মণ রাজ্যের এক কৃতী সন্তান। তিনি সঙ্গীতের মাধ্যমে এই ছোট্ট রাজ্যকে দেশ-বিদেশে পরিচিতি দিয়েছেন। রাজ পরিবারে জন্ম গ্রহণ করলেও তিনি সাধারণ মানুষের সঙ্গে মিশেছেন। সংস্কৃতির প্রচারে বিশেষ করে লোক সংস্কৃতির প্রসারে কলকাতা, মুম্বাই, ছাড়াও তিনি বাংলাদেশে বিচরণ করেছেন। তিনি সর্বত্র শচীন কর্তা হিসেবে পরিচিত।

বিশেষ অতিথির ভাষণে রাজ্যের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব শিশির কান্তি দেব বলেন, শচীন দেববর্মণ এক অসাধারণ সাংস্কৃতিক ব্যক্তিত্ব, যা পরিমাপ করা যায় না। তাঁর বাংলাদেশের কুমিল্লার বাড়িটিকে বাংলাদেশ সরকার মিউজিয়াম গড়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উদ্বোধনী অনুষ্ঠানের পর সুরাঙ্গিনা, গুরু বিহারী সিং ডান্স একাডেমী ও সৃজন ডান্স একাডেমীর শিল্পীগণ শচীন দেববর্মণের স্বরচিত সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। এছাড়া রাকেশ কিশোর দেববর্মণ, সুব্রত দেবনাথ ও সুচরিতা ভৌমিক একক সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানে বহু শিল্পী, সাহিত্যিক ও গুনীজন উপস্থিত ছিলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ বর্ণে গন্ধে ছন্দে গীতিতে হৃদয়ে দিয়েছ দোলা... সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন।

দক্ষিণ জেলায় গর্ভবতী মহিলা ও শিশুদের টিকাকরণের কর্মসূচী

বিলোনীয়া, ০১ অক্টোবর ।। সম্প্রতি বিলোনীয়া সার্কিট হাউসের মিলনায়তনে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে মিশন ইন্দ্রধনুষ প্রকল্প নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়। উপস্থিত ছিলেন জেলা শাসক সি. কে. জমাতিয়া, জেলা পুলিশ আধিকারিক, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ কমিটির অন্যান্য সদস্য, সদস্যাগণ। সভায় জন্ম থেকে ২ বছর বয়সের শিশু, গর্ভবতী মহিলাদের মধ্যে নিয়মিত টিকাকরণে যারা বাদ পড়েছে ড্রপ আউট রয়েছে এমন শিশু ও গর্ভবতী মহিলাদের টিকাকরণ নিশ্চিত করার উপর বিশদ আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত হয়, অক্টোবর ২০১৭ ইং থেকে জানুয়ারী ২০১৮ ইং এর মধ্যে এই টিকাকরণ সম্পন্ন করা হবে। প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহে স্বাস্থ্য কর্মীরা জেলার বিভিন্ন এলাকায় গিয়ে ড্রপ আউটদের টিকাকরণ করা হবে। ডা: জগদীশ নম: জানান, এই কর্মসূচির আওতায় জেলার ৬৭৪ জন শিশু এবং ৬৭ জন গর্ভবতী মহিলা উপকৃত হবেন।